# সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ৬৪৯

১. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৫৯. তাইয়াম্মুম

## بَابُ التَّيَمُّمِ

আরবী

حَدَّثَنَا إِسْمَاعِيلُ بْنُ مُحَمَّدٍ الصَّفَّارُ ، نَا عَبَّاسٌ الدُّورِيُّ ، نَا عَمْرٌو النَّاقِدُ ، ثنَا يَعْقُوبُ بْنُ إِبْرَاهِيمَ بْنِ سَعْدٍ ، نَا أَبِي ، عَنْ مُحَمَّدِ بْنِ إِسْحَاقَ ، حَدَّثَنِي عَبْدُ الرَّحْمَنِ بْنُ هُرْمُزَ الْأَعْرَجُ ، عَنْ عُمَيْرٍ مَوْلَى عُبَيْدِ اللَّهِ بْنِ عَبَّاسٍ ـ قَالَ : وَكَانَ عُمَيْرٌ مَوْلَى عُبَيْدِ اللَّهِ ثِقَةً فِيمَا بَلَغَنِي ـ عَنْ أَبِي جُهَيْمِ بْنِ الْحَارِثِ بْنِ الصِّمَّةِ الْأَنْصَارِيِّ ، قَالَ : خَرَجَ رَسُولُ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ لِيَقْضِيَ حَاجَتَهُ نَحْوَ بِئْرِ جَمَلٍ ، فَلَقِيَهُ رَجُلٌ فَسَلَّمَ عَلَيْهِ ، فَلَمْ يَرُدَّ عَلَيْهِ رَسُولُ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ حَتَّى وَضَعَ يَدَهُ عَلَى الْجِدَارِ ، وَمَسَحَ بِهَا وَجْهَهُ وَيَدَيْهِ ، ثُمَّ قَالَ " وَعَلَيْكَ السَّلَامُ .... " . فَذَكَرَ نَحْوَهُ

বাংলা

৬৪৯(৫). ইসমাঈল আস-সাফফার (রহঃ) ... আবু জুহাইম ইবনুল হারিছ ইবনুস সিম্মা আল-আনসারী (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মলত্যাগের উদ্দেশে জামাল কূপের দিকে চলে গেলেন। এক ব্যক্তি তার সাথে সাক্ষাৎ করে তাঁকে সালাম দিলো। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার সালামের উত্তর না দিয়ে নিজের হাত দিয়ে দেয়াল স্পর্শ করে তা দিয়ে নিজের মুখমণ্ডল ও উভয় হাত (কনুইসমেত) মসেহ করেন, তারপর বলেন, “ওয়া আলাইকাস-সালাম” (তোমাকেও সালাম) ... রাবী পূর্বোক্ত হাদীসের অনুরূপ বর্ণনা করেন।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবূ জুহায়ম আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=80438

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন